**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে এন.ডি.এ সরকার গত ১২ বছরে দেশের জনগণের মধ্যে আত্মবিশ্বাস জাগিয়ে তুলেছে।**

**(২) কৃষি মন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্যে পাম তেল উৎপাদনে স্ব-নির্ভরতার লক্ষ্যে রাজ্য ও কেন্দ্রীয় সরকার যৌথভাবে কাজ করছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত ১২ বছরে ভারতের যুবকদের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে, যা তাদের আকাঙ্ক্ষা পূরণে সহায়তা করেছে।**

**(৪) প্রাক্তন মন্ত্রী ফয়জুর রহমান প্রয়াত।**

**(৫) আয়োজক আমেরিকা বিশ্বকাপ অভিযান শুরু করল দুরন্ত জয় দিয়ে।**

****************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে এন.ডি.এ সরকার গত ১২ বছরে দেশের জনগণের মধ্যে আত্মবিশ্বাস জাগিয়ে তুলেছে। আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, সুশাসন, অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন এবং জাতীয় অগ্রগতির প্রতি প্রধানমন্ত্রীর অবিচল অঙ্গীকার লক্ষ লক্ষ মানুষকে অনুপ্রাণিত করে চলেছে এবং বিশ্বকে নেতৃত্ব দেবার লক্ষ্যে ভারতের যাত্রাকে শক্তিশালী করছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শ্রী মোদীর দিশায় উত্তর-পূর্বাঞ্চল এক ঐতিহাসিক পরিবর্তনের সাক্ষী হয়েছে। তাছাড়া ত্রিপুরার অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করার ক্ষেত্রে

প্রধানমন্ত্রীর ‘অ্যাক্ট ইস্ট পলিসি’ একটি প্রধান চালিকাশক্তি হিসেবে কাজ করেছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শ্রী মোদীর সমগ্র জীবন অন্ত্যোদয় ও জাতির নিঃস্বার্থ সেবার মহৎ আদর্শে উৎসর্গীকৃত। তাঁর দূরদর্শী নেতৃত্বে বিকশিত ভারত ও আত্মনির্ভর ভারত গড়ার সংকল্প ক্রমান্বয়ে বাস্তবে রূপ নিচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ সভাপতি অভিষেক দেবরায় ও সহ-সভাপতি তাপস ভট্টাচার্য।

*************************

**Chief of Army Staff :**

কেন্দ্রীয় সরকার লেফটেন্যান্ট জেনারেল ধীরাজ শেঠকে দেশের পরবর্তী সেনাপ্রধান হিসেবে নিযুক্ত করেছে। প্রতিরক্ষা মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, লেফটেন্যান্ট জেনারেল ধীরাজ শেঠ প্রায় চার দশকব্যাপী এক গৌরবময় সামরিক জীবনে তিনি অপারেশনাল, কৌশলগত, সক্ষমতা উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক ক্ষেত্রে ব্যাপক অভিজ্ঞতা অর্জন করেছেন এবং ভারতীয় সেনাবাহিনীর যুদ্ধ সক্ষমতা ও দীর্ঘমেয়াদী রূপান্তরে উল্লেখযোগ্য অবদান রেখেছেন। আগামী ৩০শে জুন তিনি সেনাপ্রধান হিসাবে দায়িত্বভার গ্রহণ করবেন।

******************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ইন্ডিয়ান মিলিটারি একাডেমি হলো সম্মান, সাহস এবং দেশসেবার প্রতীক। আজ উত্তরাখণ্ডের দেরাদুনে ইন্ডিয়ান মিলিটারি একাডেমির ১৫৮তম পাসিং আউট প্যারেডের মধ্য দিয়ে ভারতীয় সেনাবাহিনীর ৪৮১ জন নতুন তরুণ অফিসারকে স্বাগত জানানোর অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, ভারতের সেনাবাহিনীতে নারী ক্যাডেটদের উত্তীর্ণ হওয়া একাডেমির ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এটি দেশে নারী-নেতৃত্বাধীন উন্নয়নের দিকে একটি অনুপ্রেরণামূলক পদক্ষেপ।

***************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্যে পাম তেল উৎপাদনে স্বনির্ভরতা লক্ষ্যে রাজ্য ও কেন্দ্রীয় সরকার যৌথভাবে কাজ করছে। আজ গোমতী জেলার আঠারোভোলায় তিনি একথা জানান। সেখানে তিনি এলাকার কৃষক প্রমীলা কান্ত মলসমের ১২ কানি জমিতে তিন শতাধিক পাম গাছ লাগানোর সূচনা করেন। কৃষিমন্ত্রী বলেন, সারা রাজ্যে ৭ হাজার হেক্টর জমিতে পাম তেল চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এখন পর্যন্ত সাড়ে তিন হাজার হেক্টর জমি এই চাষের আওতায় আনা সম্ভব হয়েছে। উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া, বিধায়ক অভিষেক দেবরায় ও জীতেন্দ্র মজুমদার।

*************************

**Voice Over-12 years of NDA Govt. :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশের বর্তমান জাতীয় গণতান্ত্রিক জোট সরকার সার্বিক অগ্রগতির অভিযাত্রায় ২০৪৭-এ বিকশিত ভারত গড়ার স্বপ্ন নিয়ে বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে চলেছে। গত ১২ বছরে এনডিএ সরকারের উন্নয়ন যাত্রায় বিশেষ গুরুত্ব পেয়েছে সমাজের প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষ। একটি প্রতিবেদন।

#######VC######

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এন.ডি.এ সরকার বিগত ১২ বছর ধরে যুব-নেতৃত্বাধীন উন্নয়নের জন্য নিরন্তর কাজ করে চলেছে এবং এই সময়কালে ভারতের যুবকদের আত্মবিশ্বাস বৃদ্ধি পেয়েছে, যা তাদের আকাঙ্ক্ষা পূরণে সহায়তা করেছে। আজ এক সামাজিক মাধ্যমে তিনি একথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী আরো বলেন, ভারতের যুবসমাজ বিজ্ঞান ও প্রযুক্তি থেকে শুরু করে উৎপাদন, মহাকাশ, সেমিকন্ডাক্টর এবং ড্রোন পর্যন্ত বিভিন্ন ক্ষেত্রে নিজেদের ছাপ রাখছে। অসংখ্য আন্তর্জাতিক প্রতিযোগিতায় দেশের তরুণ ক্রীড়াবিদরা ধারাবাহিকভাবে জাতীয় গৌরব বৃদ্ধি করেছেন।

******************************

**Landslide-Teliamura :**

তেলিয়ামুড়া মহকুমার চাকমাঘাট লিচু বাগান এলাকায় আজ সকালে মাটির চাপা পড়ে ঘটনাস্থলেই দুই যুবকের মৃত্যু হয়। নিহত দুই যুবক জেমস জমাতিয়া ও আশাহরি জমাতিয়ার বাড়ি চাকমাঘাটস্থিত কুঞ্জমুড়া গ্রামে। এই ঘটনায় অমূল্যধন জমাতিয়া নামে এক যুবকও গুরুতর আহত হয়। সে বর্তমানে জিবি হাসপাতালে চিকিৎসাধীন। জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা নিহতদের পরিবার পরিজনদের সমবেদনা জানিয়েছেন। প্রশাসনের পক্ষ থেকে নিহতদের পরিবারকে ৪ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

****************************

**Press Club :**

আগরতলা প্রেস ক্লাবের উদ্যোগে আজ এবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ সাংবাদিকদের সন্তানদের সংবর্ধনা প্রদান করা হয়। মোট ১৪ জন কৃতি ছাত্র-ছাত্রীর হাতে সম্মাননা তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার, সহ-সভানেত্রী চিত্রা রায় প্রমুখ।

****************************

**Ex-Minister Expired :**

প্রবীণ বামপন্থী নেতা, সি.পি.আই(এম) রাজ্য কমিটির প্রাক্তন সদস্য, প্রাক্তন মন্ত্রী ফয়জুর রহমান গতকাল রাতে ধর্মনগর মহকুমার ইচাই লালছড়িতে তাঁর নিজ বাসভবনে প্রয়াত হন। মৃতুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। তিনি দুই ছেলে, তিন মেয়ে, স্ত্রী রেখে গেছেন।

১৯৭৭ সালে বিধানসভা নির্বাচনে ধর্মনগর মহকুমার কুর্তি আসন থেকে ফয়জুর রহমান প্রথমবারের মত বিধানসভায় নির্বাচিত হন। এরপর থেকে এই কেন্দ্রে তিনি পর পর ৮ বার বিধানসভায় নির্বাচিত হন। ১৯৯৮ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত বামফ্রন্ট মন্ত্রীসভায় তিনি পূর্ণ মন্ত্রীর দায়িত্ব পালন করেন।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী ফয়জুর রহমানের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছে ও তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়েছে। তাঁর পরিবার পরিজনদের প্রতিও আন্তরিক সমবেদনা জানিয়েছে সি.পি.আই(এম) রাজ্য সম্পাদকমন্ডলী।

***************************

**Airport Authority of India MBB Airport :**

কেন্দ্রে এন ডি এ সরকারের দ্বাদশ বর্ষ পূর্তি উপলক্ষে আগরতলার এম বি বি বিমানবন্দর কর্তৃপক্ষ আগামী ১৫ই জুন যাত্রী সুবিধা দিবস উদযাপন করবে। আজ এম বি বি বিমানবন্দরের অধিকর্তা কিশান মোহন নেহরা এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, ১৫ই জুন বিমানযাত্রীদের তিলক পরিয়ে স্বাগত জানানো হবে। প্রবীন ও বয়স্ক যাত্রীদের উত্তরীয় পরিয়ে সম্মানিত করা হবে। এছাড়া স্থানীয় লোকনৃত্য, লোকগান, রক্তদান শিবির ইত্যাদির আয়োজন করা হবে।

****************************

**Fifa World Cup :**

২০২৬ ফুটবল বিশ্বকাপের গ্রুপ পর্বে মার্কিন যুক্তরাষ্ট্র প্যারাগুয়েকে ৪-১ গোলে হারিয়ে টুর্নামেন্টে জয় দিয়ে যাত্রা শুরু করেছে।

আসন্ন ম্যাচ দুটিতে গ্রুপ 'বি'-তে ভারতীয় সময় রাত সাড়ে বারোটায় কাতার মুখোমুখি হবে সুইজারল্যান্ডের, এবং গ্রুপ 'সি'-তে রাত সাড়ে তিনটেয় ব্রাজিল খেলবে মরক্কোর বিরুদ্ধে। এরপর ভারতীয় সময় সকাল সাড়ে ৬টায় স্কটল্যান্ড ও হাইতির মধ্যে তৃতীয় ম্যাচটি রয়েছে।

*************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লীগ ফুটবল প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় সিমনা তমাকারি ফুটবল ক্লাব ২-১ গোলে ইউনাইটেড বি এস টি-কে পরাজিত করে। পরে একই মাঠে ইকফাই ফুটবল ক্লাব ৪-৩ গোলে ইয়ুথ ক্লাবকে হারিয়ে দেয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ১৭.২ মিলিমিটার।

****************************